



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৪ এপ্রিল, ২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ

### পহেলা বৈশাখ উদযাপিত

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে আবহমান বাংলার চির ঐতিহ্যবাহী ১লা বৈশাখ উৎসব সাড়ম্বরে পালিত হয়। বাংলা নববর্ষ উদযাপন কমিটি-১৪২৬ এর সার্বিক ব্যবস্থাপনায় আয়োজিত দিনব্যাপী কর্মসূচির শুরুতেই ঢোল, খোল, করতাল আর বাঁশির বাজনার তালে বহু বর্ণিল ব্যানার, ফেস্টুন, পোস্টার শোভিত বৈশাখী শোভাযাত্রার মধ্য দিয়ে বাংলা নববর্ষকে স্বাগত জানানো হয়। চিরায়ত বাংলার ঐতিহ্যমণ্ডিত হাতি ও মাটির পুতুল ইত্যাদির বিরাট মাসকট শোভিত বিশাল শোভাযাত্রার পুরোভাগে থেকে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ নেতৃত্ব দেন। এতে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম নববর্ষ উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমেদ, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, বিভিন্ন অনুষদের ডিন, হলসমূহের প্রভোস্ট, বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করে। শোভাযাত্রা পুরো ক্যাম্পাসে প্রদক্ষিণ করে মুক্তমঞ্চে সামনে এসে সমাপ্ত হয়। প্রত্যেক বিভাগ নিজ নিজ কর্মসূচি নিয়ে এবার কেন্দ্রীয় বর্ষবরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

শোভাযাত্রা শেষে মুক্তমঞ্চের সামনে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং অন্যান্য অতিথিবৃন্দ সাপের খেলা ও মোরগের লড়াই উপভোগ করেন।

১লা বৈশাখের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল ক্যাম্পাসে নানান লোকজ আয়োজনের জমজমাট মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার